

গণপ্রজাতন্ত্রী বাংলাদশে সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিস্টে বোরাক টাওয়ার, লতেলে-০৩
৩৭/৩/এ, ইঙ্কাটনগাড়নে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭- ১৭/৩

তারিখ: ০৫.০৩.২০১৮খ্রি।

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গর্ভণিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার এর প্রতি স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ (১) জনাব মো: দুরুল হুদা, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ধুরইল ডি. এস কামিল মাদরাসা- এর আবেদন

তারিখ: ০৭.০৮.২০১৮খ্রি।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭

তারিখ: ২৩.০৬.২০১৬ খ্রি।

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬

তারিখ: ০৬.০৬.২০১১খ্রি।

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৮৮৪

তারিখ: ০৯.০৭.২০১২খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সুত্রোন্তৰ ১ নং স্মারক মূলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ (জনাব মো: দুরুল হুদা), ধুরইল ডি. এস কামিল মাদরাসা কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োন্ত মদরাসার গভর্ণিং বডিতে মেয়াদ ১৩.১২.২০১৭ খ্রি: তারিখে শেষ হয়ে যায় (কপি সংযুক্ত)।

০২. মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক এডহক কমিটি গঠনের নিমিত্ত এতদসংক্রান্ত যাবতীয় কাগজ-পত্র গত ১৮.১২.২০১৭ খ্রি: তারিখে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে দাখিল করা হয়। কিন্তু ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক এ পর্যন্ত এডহক কমিটির অনুমোদন পাওয়া যায়নি মর্মে ভারপ্রাপ্ত অধ্যক্ষ (জনাব মো: দুরুল হুদা), ধুরইল ডি. এস কামিল মাদরাসা কর্তৃক সুত্রোন্তৰ ১ নং স্মারকে জানানো হয়েছে।

০২. উল্লেখ্য যে, অধ্যক্ষ পদে নিয়োগ সংক্রান্ত জটিলতা কারণে অধ্যক্ষ পদে এমপিওভুক্তির সুযোগ না থাকায় বর্তমান অধ্যক্ষ বর্ণিত মদরাসার অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করতে পারছেন না।


০৩. আরো উল্লেখ্য যে, সুত্রোন্তৰ ৩ ও ৪ নং স্মারকে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ/জ্যোত্তম শিক্ষকের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের নির্দেশনা রয়েছে।

০৩. উপরিউক্ত কারণে (১৩.১২.২০১৭ খ্রি: তারিখে পূর্বের নিয়মিত কমিটির মেয়াদ শেষ হওয়া এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক এডহক কমিটির অনুমোদন না পাওয়া) মারাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না মর্মে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০৪. সুত্রোন্তৰ ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গর্ভণিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে শিক্ষক বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলা প্রশাসক / উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিষ্ঠাক্ষরের বিধান রয়েছে (কপি সংযুক্ত)।

০৫. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে বর্ণিত মাদরাসায় নিয়মিত কমিটি/ এডহোক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল জনাব মো: দুরুল হুদা, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ধুরইল ডি. এস কামিল মাদরাসা এর স্বাক্ষরে এবং সুত্রোন্তৰ ২ নং স্মারক আদেশ মোতাবেক জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক/ উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিষ্ঠাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় ধুরইল ডি. এস কামিল মাদরাসার গভর্ণিং বডি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সুত্রে ২, ৩ ও ৪ নং স্মারক আদেশ অনুসরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৪.০২.১৪

(নো: আফাজ উদ্দিন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৬৭

১. উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী।

২. জনাব মো: দুরুল হুদা অধ্যক্ষ, ধুরইল ডি. এস কামিল মাদরাসা, মোহনপুর, রাজশাহী।

অনুলিপি:

৩. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনপুর, রাজশাহী।

৫. অফিস কপি।